



২৯ জুন, ২০২০

নেসকোর সম্মানিত গ্রাহকবৃন্দের প্রতি ব্যবস্থাপনা পরিচালকের বার্তা

নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লিঃ এর সম্মানিত গ্রাহকবৃন্দ

আশা করি করোনা ভাইরাস জনিত এই বৈশ্বিক মহামারীর মধ্যে পরিবারের সকলকে নিয়ে ভলো আছেন, সুস্থ আছেন। সবাই যখন করোনার মত বৈশ্বিক মহামারী হতে নিরাপদে থাকতে ঘরবন্দী অবস্থায় রয়েছে সেই সময়টাতে সবার ঘরে ঘরে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ পৌছে দিতে নেসকো পরিবারের অকুতোভয় কর্মীবৃন্দ নিরলস পরিশ্রম এবং সর্বোচ্চ আন্তরিকতার সাথে প্রতিনিয়ত কাজ করে যাচ্ছেন। করোনা ভাইরাসের প্রাদুর্ভাবে জনজীবন যখন স্থবির সেই মুহূর্তে নেসকোর সাহসী কর্মীবৃন্দ জীবনের ঝুঁকি নিয়ে দেশের উত্তরাঞ্চলের বিদ্যুৎ বিতরণ ও সরবরাহ ব্যবস্থা সচল রেখেছেন।

এই দুর্যোগকালীন সময়ে সামজিক দূরত্ব বজায় রেখে বাড়ি বাড়ি গিয়ে মিটার দেখে বিল করতে গিয়ে কিছু কিছু ক্ষেত্রে আমরা সমস্যার সম্মুখীন হয়েছি। ফলে বিদ্যুৎ বিল নিয়ে কিছু অসঙ্গতি আমাদের দৃষ্টিগোচর হয়েছে। আমাদের কাছে কিছু অভিযোগ এসেছে এবং দৈনিক পত্রিকাতেও এ বিষয়ে খবর প্রকাশিত হয়েছে। বিষয়টি অত্যন্ত গুরুত্বের সাথে বিবেচনা করে ইতোমধ্যে আমরা সমাধানের কার্যকর ব্যবস্থা গ্রহণ করেছি। নেসকোর কর্মীবৃন্দ বাড়ি বাড়ি গিয়ে মিটার পরীক্ষা করে প্রয়োজনীয় সংশোধনের ব্যবস্থা গ্রহণ করেছেন।

নেসকো গ্রাহকদের আমরা আশ্বস্ত করতে চাই যে, বিদ্যুৎ বিলে কোন তারতম্য/ গরমিল পরিলক্ষিত হলে তাতে উদ্বিগ্ন হবার কিছু নেই। এক্ষেত্রে সম্মানিত গ্রাহকবৃদ্দ, সংশ্লিষ্ট বিক্রয় ও বিতরণ বিভাগে/ বিতরণ ইউনিটে অবিলম্বে তা অবহিত করুন। আমরা গ্রাহকদের সকল অভিযোগ অতীব গুরুত্বের সাথে বিবেচনা করে যথাযথভাবে নিষ্পত্তি করছি এবং প্রযোজ্য ক্ষেত্রে জুন, ২০২০ এর বিদ্যুৎ বিলের সাথে তা সমন্বয় করার জন্য সচেষ্ট আছি। নেসকোর গ্রাহকদের কখনোই ব্যবহারের অতিরিক্ত বিদ্যুৎ বিল পরিশোধ করতে হবে না।

নেসকোর সম্মানিত গ্রাহকদের আমরা নিশ্চিন্ত করতে চাই যে, আমাদের লক্ষ্য নির্ভরযোগ্য ও নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সেবা নিশ্চিত করে গ্রাহক সন্তুষ্টি অর্জন করা। আমাদের প্রতিটি কর্মী আপনাদের এই সেবা দিতে স্বচ্ছতা ও আন্তরিকতার সাথে নিরন্তর ভাবে কাজ করে যাচ্ছেন। ভবিষ্যতেও যেকোন পরিস্থিতিতেই আমরা তা করে যাবে ইনশাল্লাহ। করোনা ভাইরাস জনিত বৈশ্বিক মহামারীর এই কঠিন পরিস্থিতিতে আপনাদের সমর্থন এবং বিদ্যুৎ বিল সংক্রান্ত যে কোন সমস্যা সমাধানে আপনাদের স্বার্বিক সহযোগিতা একান্ত কাম্য। নেসকোর গ্রাহকদের আমরা আবারও আশ্বস্ত করতে চাই যে বিদ্যুৎ বিল সংক্রান্ত যে কোন ভোগান্তি নিরসনে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে এবং প্রযোজ্য ক্ষেত্রে বিদ্যুৎ বিলে প্রাপ্ত গরমিল সমূহ জুন, ২০২০ এর বিদ্যুৎ বিলের সাথে সমন্বয় করা হচ্ছে।

সবাইকে ধন্যবাদ। সবার সুস্বাস্থ্য কামনা করছি।